

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৭.০১১.০০.০০.০০১.২০১১- ৪৮৪


তারিখ : ১৮ আষাঢ়, ১৪২৪
০২ জুলাই, ২০১৭

বিষয় : নেত্রকোনা জেলায় ইউনিয়ন পরিষদ সচিব পদে নিয়োগে ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র : জেলা প্রশাসক, নেত্রকোনা এর পত্র নং-৪৮৪, তারিখ : ১৩/০৬/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নেত্রকোনা জেলায় ইউনিয়ন পরিষদ সচিবের ১০(দশ) টি শূন্য পদে লোক নিয়োগের লক্ষ্যে গত ২৩/১০/২০১৬ তারিখের ৬৩১নং জারীকৃত ছাড়পত্রের মেয়াদ নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে ০৬(ছয়) মাস বৃদ্ধি করা হলো।

- (ক) পত্র জারীর তারিখ হতে ০৬ (ছয়) মাসের মধ্যে নিয়োগ কার্যক্রম অবশ্যই সম্পন্ন করতে হবে;
- (খ) নির্ধারিত সময়ের মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে তার দায় নিয়োগকারী কর্তৃপক্ষের উপর বর্তাবে;
- (গ) নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে; এবং
- (ঘ) নিয়োগ কার্যক্রম সম্পন্নের পর স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।


(ড. সৈয়দা নওশীন পার্বিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক
নেত্রকোনা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।